

জবি 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষায় আকাশছোঁয়ার স্বপ্ন নিয়ে ২৮ ইঞ্চি উচ্চতার মুস্তাকিন

জবি প্রতিনিধি

প্রকাশিত: ১৯:৩৮, ২২ ফেব্রুয়ারি ২০২৫; আপডেট: ১৯:৪৮, ২২ ফেব্রুয়ারি ২০২৫



ছবি : সংগৃহীত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের বিজ্ঞান ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ('এ' ইউনিট) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার দিনব্যাপী তিন শিফটে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

UNIBOTS

সকাল সাড়ে ১০টা থেকে প্রথম শিফটের পরীক্ষা শুরু হয়ে তা চলে সাড়ে ১১টা পর্যন্ত। এরপর দ্বিতীয় শিফটের পরীক্ষা চলে দুপুর ১টা থেকে ২টা পর্যন্ত। সবশেষে বিকেল সাড়ে ৪টায় শুরু হয় তৃতীয় শিফটের পরীক্ষা, যা চলে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত।

ভর্তিচ্ছুদের অনেকে দেরি করে এলেও তাদের পরীক্ষা দেয়ার সুযোগ দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। তবে এসব পরীক্ষার্থীদের উত্তরপত্র মূল্যায়নের বিষয়ে উপাচার্যের সঙ্গে মিটিংয়ের পরে সিদ্ধান্ত নেয়া হবে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের লাইফ এন্ড আর্থ সাইন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেন।

এছাড়া তৃতীয় শিফটের পরীক্ষায় অংশ নেন মুস্তাকিন নামে একজন শিক্ষার্থী যার উচ্চতা মাত্র ২৮ ইঞ্চি (২ ফুট ৮ ইঞ্চি)। উচ্চতা কম হলেও আকাশছোঁয়ার স্বপ্ন নিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা দিতে আসেন তিনি। ২০ বছর বয়সী এই ভর্তিচ্ছ বলেন, “আমি ছোটবেলা থেকে চেয়েছি পড়াশোনা চালিয়ে যেতে, উচ্চশিক্ষা অর্জন করে নিজেকে প্রতিষ্ঠিত করতে। বিশ্ববিদ্যালয়ে পড়ার স্বপ্ন আমার।”

এবছর জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পদ্ধতিতে নেয়া ভর্তি পরীক্ষায় ৮৬০টি আসনের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করছেন ৪৪ হাজার ২২৩ জন শিক্ষার্থী। অর্থাৎ, প্রতি আসনের জন্য লড়েছেন ৫১ জন ভর্তিচ্ছ।

পরীক্ষায় মোট নম্বর ১০০। যার মধ্যে বহুনির্বাচনি (২৪ নম্বর) ও লিখিত (৪৮ নম্বর) প্রশ্নের জন্য মোট ৭২ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। বাকি ২৮ নম্বরের জন্য এসএসসি পরীক্ষার জিপিএ (১২ নম্বর) এবং এইচএসসি পরীক্ষার জিপিএ (১৬ নম্বর) গণনা করা হবে।

আগামী ২৮ ফেব্রুয়ারি (শুক্রবার) বিজনেস স্টাডিজ অনুষদের (সি ইউনিট) পরীক্ষা অনুষ্ঠিত হবে।
